

চিকুনগুনিয়া বুলেটিন

সংখ্যা ২৭ তারিখঃ ২৯ জুলাই ২০১৭ শনিবার

সর্বশেষ পরিস্থিতি

- আইইডিসিআর হটলাইনে ঢাকা সহ সারা দেশ থেকে গত ৬ জুলাই থেকে ২৯ জুলাই বিকেল ৫টা পর্যন্ত সর্বমোট ফোনকল এসেছে ২,৭৬৩টি। এর মধ্যে মোট সম্ভাব্য নতুন ও পুরোনো রোগী ২,১৭৬ জন। সম্ভাব্য নতুন রোগী ৯৪০ জন ও পুরোনো রোগী ১,২৩৬ জন। অবশিষ্ট ৫৮৭ জন ফোনকলকারীগণ চিকুনগুনিয়া সম্পর্কিত বিভিন্ন তথ্য জানতে চেয়েছেন।

আইইডিসিআর এ বিশেষজ্ঞদের সভা



চিকুনগুনিয়া রোগ বা রোগ পরবর্তী অস্থিসন্ধিতে ব্যাথা (Joint pain) বা আর্থ্রালজিয়া (arthralgia) বিষয়ে আলোচনার জন্য বিশেষজ্ঞদের নিয়ে আজ সকালে আইইডিসিআর এ এক সভা অনুষ্ঠিত হয়। সভায় আইইডিসিআর এর পরিচালক অধ্যাপক ডাঃ মীরজাদী সেব্রিনা ফ্লোরী সভাপতিত্ব করেন। সভায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন অধ্যাপক ডাঃ সৈয়দ আতিকুল হক, অধ্যাপক রিউম্যাটোলজি বিভাগ, বিএসএমএমইউ; অধ্যাপক ডাঃ মোঃ মুজিবুর রহমান, অধ্যাপক মেডিসিন বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ; অধ্যাপক ডাঃ মোঃ টিটু মিয়া, অধ্যাপক মেডিসিন বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ; অধ্যাপক ডাঃ সোহেলী রহমান, অধ্যাপক ও বিভাগীয় প্রধান ফিজিক্যাল মেডিসিন বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ; মিজ নাসিমা ইয়াসমিন, সহকারী অধ্যাপক, গণস্বাস্থ্য সমাজভিত্তিক মেডিকেল কলেজ; ডাঃ ফজলে শামসুল কবির, সহকারী স্বাস্থ্য কর্মকর্তা ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন; ডাঃ এম মুশতাক হোসেন, প্রাক্তন প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, আইইডিসিআর প্রমুখ। সভায় চিকুনগুনিয়ায় আক্রান্ত রোগীদের জ্বর ও তৎপরবর্তী সময়ে পরবর্তী ব্যাথা/ উপসর্গ ও তার প্রতিকারের উপর বিশদ

আলোচনা করা হয়। এ ব্যাপারে শীঘ্রই নির্দেশিকা প্রণয়নের সিদ্ধান্ত নেয়া হয়। সভায় এ বিষয়ে ঐক্যমত পোষণ করা হয় যে, জ্বর চলাকালীন ফিজিওথেরাপির কোন প্রয়োজন নেই, ব্যথা উপশমে ঠান্ডা সেক-ই এ সময় উপযোগী। এরপর ব্যথা উপশমের জন্য চিকিৎসকের পরামর্শক্রমেই কেবল সহায়ক চিকিৎসা হিসেবে (Adjuvant therapy) ফিজিওথেরাপি দেয়া যাবে। কোনক্রমেই রোগী নিজে ফিজিওথেরাপি দেবার সিদ্ধান্ত নেবেন না, এতে রোগীর নতুন জটিলতা তৈরী হতে পারে। ফিজিক্যাল মেডিসিন বিষয়ে বিশেষজ্ঞদের পরামর্শ অনুযায়ী ফিজিওথেরাপি দেয়া যেতে পারে। এ ব্যাপারে সরকারী হাসপাতালের আর্থ্রালজিয়া ক্লিনিকে পরামর্শের জন্য যাওয়ার উপদেশ দেয়া হয়। সভায় আর্থ্রালজিয়া ক্লিনিকে ফিজিক্যাল মেডিসিন বিশেষজ্ঞদের অন্তর্ভুক্ত করার প্রয়োজনীয়তা উল্লেখ করা হয়।

চিকুনগুনিয়া রোগীদের পরবর্তী স্বাস্থ্য সেবা



আজ সকাল থেকে আইইডিসিআর এ আগত রোগীদের ফলোআপের তথ্য ও নমুনা সংগ্রহের দ্বিতীয় দিন অতিবাহিত হয়। এ কার্যক্রমটি সকাল ৮ঃ০০ টা থেকে বিকাল ৫ঃ০০ টা অবধি চলে। এতে আজ সর্বমোট ৮১ জন অংশগ্রহণ করেন।

ঝুঁকি অবহিতকরণে গণসংযোগ বিষয়ে প্রশিক্ষণ

আজ আইইডিসিআর এ রিস্ক-কমিউনিকেশন বিষয়ে এক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। এতে আইইডিসিআর এর কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। যুক্তরাষ্ট্রের সিডিসি আটলান্টা থেকে দুইজন প্রশিক্ষক এ বিষয়ে প্রশিক্ষণ প্রদান করেন।

বিশেষজ্ঞের পরামর্শ ছাড়া চিকুনগুনিয়া রোগের জন্য ব্যথার চিকিৎসা গ্রহণ করবেন না

স্বাস্থ্য অধিদপ্তরের হটলাইন ১৬২৬৩ নম্বরে স্বাস্থ্য বাতায়নে চিকুনগুনিয়া বিষয়ে ২৪ ঘন্টা তথ্য পাবেন।